# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০১০

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জানাযা-এর সামনে চলা।

باب مَا جَاءَ فِي الْمَشْىِ أَمَامَ الْجَنَازَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُوسَى، مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ، حَدَّثَنَا يُونُسُ بْنُ يَزِيدَ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَنَسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم وَأَبَا بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ كَانُوا يَمْشُونَ أَمَامَ الْجَنَازَةِ . قَالَ أَبُو عِيسَى سَأَلْتُ مُحَمَّدًا عَنْ هَذَا الْحَدِيثِ فَقَالَ هَذَا حَدِيثٌ خَطَأٌ أَخْطَأَ فِيهِ مُحَمَّدُ بْنُ بَكْرٍ وَإِنَّمَا يُرْوَى هَذَا الْحَدِيثُ عَنْ يُونُسَ عَنِ الزُّهْرِيِّ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم وَأَبَا بَكْرٍ وَعُمَرَ كَانُوا يَمْشُونَ أَمَامَ الْجَنَازَةِ . قَالَ الزُّهْرِيُّ وَأَخْبَرَنِي سَالِمٌ أَنَّ أَبَاهُ كَانَ يَمْشِي أَمَامَ الْجَنَازَةِ . قَالَ مُحَمَّدٌ وَهَذَا أَصَحُّ .

বাংলা

১০১০. মুহাম্মদ ইবনুল মুছন্না (রহঃ) ..... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর, উমার ও উছমান (রাঃ) জানাযার আগে চলতেন। - ইবনু মাজাহ ১৪৮৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১০১০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আমি মুহাম্মদ আল-বুখারী (রহঃ) কে এই হাদিসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেছেন, এ হাদিসটির সনদে মুহাম্মদ ইবনু বাকর ভুল করেছেন। হাদিস মূলত: ইউনুস-যুহরী (রহঃ) সূত্রে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর ও উমার (রাঃ) জানাযার আগে আগে চলতেন। যুহরী (রহঃ) বলেন, সালিম (রহঃ) আমাকে বলেছেন, তাঁর পিতা ইবনু উমার জানায়ার আগে আগে চলতেন। মুহাম্মদ আল-বুখারী (রহঃ) বলেন, এটই হলো অধিকতর সাহীহ।

## English

Anas bin Malik narrated:
"The Messenger of Allah would walk in front of the funeral, as did Abu Bakr,

Umar and Uthman."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18199

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন